# বাংলাদেশ ব্যাংক

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৬

০৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ -----------------------
২১ মার্চ ২০১৬ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এ ১ম ও ২য় পর্যায়ের জন্য ভোটগ্রহণের দিন সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার তফসিলি ব্যাংকের শাখা বন্ধ ঘোষণা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখার ১৬/০৩/২০১৬ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১১-৮০ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন ঘোষিত ইউনয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এ ১ম পর্যায়ের ৭২২টি ইউনিয়ন পরিষদের নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২২ মার্চ ২০১৬, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার ১১ টি ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণের তারিখ ২৩ মার্চ ২০১৬, টেকনাফ উপজেলার হোয়াইক্যং ও হ্নীলা ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণের তারিখ ২৭ মার্চ ২০১৬ এবং ২য় পর্যায়ের ৬৪৩ টি ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণের তারিখ ৩১ মার্চ ২০১৬ নির্বাচনী এলাকার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাঁদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে নির্ধারিত ভোটগ্রহণের দিন সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

এতদ্‌প্রেক্ষিতে, ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে বর্ণিত তারিখগুলোতে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকের সকল শাখা বন্ধ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিতঃ

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২০৭